

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-৪

তারিখ : ২৮ মার্চ, ২০১২
১৪ চৈত্র, ১৪১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সাবসিডিয়ারী কোম্পানী গঠন।

সম্প্রতি দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সাবসিডিয়ারী কোম্পানী গঠন করে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর আওতা বহির্ভূত বিভিন্ন ব্যবসায় বিনিয়োগ করার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। ফলে তাদের বিনিয়োগ ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। বিনিয়োগ ঝুঁকি হ্রাসকল্পে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক যে কোন ধরনের সাবসিডিয়ারী কোম্পানী গঠন করার পূর্বে উক্ত কোম্পানী গঠনের উদ্দেশ্যে যথাযথখবর্গনাপূর্বক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

ইতোমধ্যে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর আওতা বহির্ভূত ব্যবসায় বিনিয়োগ করার উদ্দেশ্যে যে সব আর্থিক প্রতিষ্ঠান সাবসিডিয়ারী কোম্পানী গঠনপূর্বক উক্ত কোম্পানীতে বিনিয়োগ করেছে তাদেরকে ৩০ সেপ্টেম্বর, ২০১২ তারিখের মধ্যে উক্ত বিনিয়োগ প্রত্যাহার করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার আওতায় জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৬২